

📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৪৫৮

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - নাপাক ব্যক্তির সাথে মেলামেশা

আরবী

وَفِي شَرْحِ السُّنَّةِ عَنْهُ عَنْ مَيْمُونَةَ بَلَفَظِ الْمَصَابِيحِ

বাংলা

৪৫৮-[৮] আর শারহুস সুন্নাহ-তেও ইবনু 'আব্বাস (রাঃ) থেকে মায়মূনাহ্ (রাঃ)-এর সূত্রে মাসাবীহ-এর শব্দে বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এখানে “শারহুস সুন্নাহ” নামক গ্রন্থে ইবনু 'আব্বাস (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি উম্মুল মু'মিনীন মায়মূনাহ্ (রাঃ) থেকে বর্ণনা করেছেন, হাদীসটি পুরুষ বা মহিলার অবশিষ্ট পানি থেকে পুরুষ বা মহিলার পবিত্রতা অর্জনের বৈধতা দান করে। মায়মূনাহ্ (রাঃ) বলেন, আমি এবং নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অপবিত্র হলাম এবং পাত্র হতে পানি উঠিয়ে গোসল করলাম এবং পাত্রে অবশিষ্ট পানিও রাখলাম, অতঃপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম গোসলের জন্য আসলেন, আর আমি বললাম যে, আমি ঐ পানি থেকে গোসল করেছি। তারপর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) ওই পানিতেই গোসল করলেন এবং বললেন, নিশ্চয় পানিতে কোন অপবিত্রতা নেই।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=55017>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন